



26714 - কোন শরয়ি ওজর ছাড়া বলিম্বে হজ্জ আদায় করা

প্রশ্ন

যে ব্যক্তি সামর্থ্য থাকা সত্ত্বেও, কোন ওজর ছাড়া হজ্জ বলিম্বে আদায় করবে তার হুকুম কী?

প্রয় উত্তর

আলহামদু লিল্লাহ।

সমস্ত প্রশংসা আল্লাহ তাআলার জন্য এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর রহমত ও শান্তি বর্ষিত হোক। যে ব্যক্তি হজ্জ করার শক্তি, সামর্থ্য রাখেন কিন্তু এরপরও ফরজ হজ্জ আদায় করছেন না, বরং গড়মিসি করছেন তিনি বড় ধরনের গুনাহ ও নাফরমানিতে লিপ্ত রয়েছেন। তাঁর কর্তব্য হচ্ছে- আল্লাহর কাছে তওবা করা এবং অনতবলিম্বে হজ্জ আদায় করা। যহেতু আল্লাহ তাআলা ঘোষণা করেছেন: “এবং সামর্থ্যবান মানুষের উপর আল্লাহর জন্য বায়তুল্লাহর হজ্জ আদায় করা ফরয। আর যে ব্যক্তি কুফরী করে, তবে আল্লাহ তাকে নশ্চয় সৃষ্টিকুল থেকে অমুখাপেক্ষী।” [সূরা আল ইমরান, ৩:৯৭]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করছেন:

“ইসলাম পাঁচটি ভিত্তির উপর প্রতিষ্ঠিত। এই সাক্ষ্য দয়া য়ে, নহে কোন সত্য উপাস্য শুধু আল্লাহ ছাড়া এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল (বার্তাবাহক)। নামায কায়মে করা। যাকাত প্রদান করা। রমজান মাসে রোযা রাখা। বায়তুল্লাহতে হজ্জ আদায় করা।” [মুত্তাফাকুন আলাইহি, সহীহ বুখারী (৮), সহীহ মুসলিম (১৬)]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যখন জব্রাইল (আঃ) ইসলাম সম্পর্কে জিজ্ঞেসে করছেন তখন তিনি বলছেন: “আপনি সাক্ষ্য দবিনে য়ে, নহে কোন সত্য উপাস্য শুধু আল্লাহ ছাড়া এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল (বার্তাবাহক)। নামায কায়মে করবনে। যাকাত প্রদান করবনে। রমজান মাসে রোযা পালন করবনে। বায়তুল্লাতে যাওয়ার সামর্থ্য রাখলে হজ্জ আদায় করবনে।” [এ হাদিসটি ইমাম মুসলিম তাঁর সহীহ গ্রন্থে (৮) ইবনে উমর (রাঃ) হতে বর্ণনা করছেন]

আল্লাহই তাওফিকদাতা। [সমাপ্ত]